রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে সব সৎকর্ম করতে ও তাতে তাঁর অবাধ্যতা না করতে আমাদের কাছে অঙ্গীকার নিয়েছিলেন, সে সবের মধ্যে এটিও ছিল যে, (শোকাহত হয়ে) আমরা চেহারা খামচাব না, ধ্বংস ও সর্বনাশ কামনা করব না, বুকের কাপড় ছিঁড়ব না এবং মাথার চুল আলুথালু করব না।

উসাইদ ইবনে আবূ উসাইদ তাবেয়ী, এমন এক মহিলা থেকে বর্ণনা করেন, যিনি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট বায়আতকারিণী মহিলাদের একজন ছিলেন। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে সব সৎকর্ম করতে ও তাতে তাঁর
অবাধ্যতা না করতে আমাদের কাছে অঙ্গীকার নিয়েছিলেন, সে সবের মধ্যে এটিও ছিল যে,
(শোকাহত হয়ে) আমরা চেহারা খামচাব না, ধ্বংস ও সর্বনাশ কামনা করব না, বুকের কাপড়
ছিঁড়ব না এবং মাথার চুল আলুথালু করব না।’ [সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নারী সাহাবীদের বাই‘আত গ্রহণ করানোর সময় তারা যাতে তার অবাধ্য না হয় সে ব্যাপারে প্রতিশ্রুতি গ্রহণ করতেন। তা থেকে কতক হলো, কেউ যেন চেহারা না খামচায়, চেহারায় আঘাত না করে এবং মুখের ওপর প্রহার না করে, নিষিদ্ধ নিয়াহার মাধ্যমে আওয়াজ বড় না করে, কেউ যেন কাপড় না ছিঁড়ে এবং মুসিবতের সময় মাথার চুল আলুথালু না করে এবং না ছিঁড়ে।

http://sunnah.global/hadeeth/bn/show/8929